

## শিক্ষা

- প্রাথমিক শিক্ষাকে সার্বজনীন, বাধ্যতামূলক, গুণগত মানসম্পন্ন করা এবং এর সম্প্রসারণে প্রাথমিক শিক্ষার ব্যাপক মান উন্নয়ন। শতভাগ শিশুর স্কুলে ভর্তি নিশ্চিত। ঝরে পড়ার হার হ্রাস। এমডিজি-২ অর্জন।
- প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা স্তরে ভর্তির ক্ষেত্রে লিঙ্গসমতা অর্জন।
- ৪০ বছর পর আবার দেশের ২৬ হাজার ১৯৩টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয় এবং এসব বিদ্যালয়ে কর্মরত ১ লক্ষ ৩ হাজার ৮৪৫ জন শিক্ষকের চাকুরী জাতীয়করণ।
- মাধ্যমিক পর্যায় পর্যন্ত দেশের শতভাগ শিক্ষার্থীর মধ্যে বছরের প্রথম দিন বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ। এ পর্যন্ত প্রায় ৯২ কোটি বই বিতরণ।
- শিক্ষার গুণগত মান বৃদ্ধির লক্ষ্যে দেশব্যাপী অভিন্ন প্রশ্নপত্রের মাধ্যমে প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা, অষ্টম শ্রেণীতে জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষা পদ্ধতি প্রবর্তন।
- দেশের দরিদ্র পরিবারের শতভাগ শিশু শিক্ষার্থীকে উপবৃত্তির আওতায় আনয়ন। প্রতি বছর প্রায় ১ কোটি ১৯ লক্ষ শিক্ষার্থীকে উপবৃত্তি প্রদান।
- ৯০টি উপজেলায় ৭ হাজার ৫৬১টি আনন্দ স্কুল প্রতিষ্ঠা। স্কুল ফিডিং কর্মসূচী চালু।
- ৩ হাজার ৪৪৭টি সরকারী প্রাথমিক বিদ্যালয় পুনঃনির্মাণ ও সংস্কার। ২১৩টি রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় পুনঃনির্মাণ ও ১ হাজার ২৯২টি বিদ্যালয় সম্প্রসারণ। ৯ হাজার ৫৭৬টি বিদ্যালয়ে আসবাবপত্র সরবরাহ। ৭২ হাজার ৫৫৫টি অতিরিক্ত শ্রেণীকক্ষ নির্মাণ।
- ৫৩টি পিটিআই সম্প্রসারণ। ১২টি পিটিআই নির্মাণাধীন।
- ৮৩টি সরকারী উচ্চ বিদ্যালয়ে ডাবল শিফট চালু। ২ হাজার শিক্ষকের পদ সৃষ্টি।
- প্রায় ২১ হাজার শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাশরুম প্রতিষ্ঠা। ৫০৩টি মডেল প্রাথমিক বিদ্যালয়ে ল্যাপটপ, মাল্টিমিডিয়া ও ইন্টারনেট মডেম সরবরাহ।
- প্রাথমিক বিদ্যালয়গুলোতে ৮২ হাজার ৭২৫ জন শিক্ষক-কর্মচারী নিয়োগ। রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক হিসেবে নিয়োগের লক্ষ্যে কেন্দ্রীয়ভাবে পরীক্ষা গ্রহণের মাধ্যমে ৪২ হাজার ৬১১ জন শিক্ষকের প্যানেল প্রণয়ন এবং ধাপে ধাপে নিয়োগ প্রদান। ৪৫ হাজার নতুন প্রাথমিক শিক্ষকের পদ সৃষ্টি।
- মাধ্যমিক পর্যায়ে সহকারী শিক্ষকের পদমর্যাদা ৩য় শ্রেণী থেকে ২য় শ্রেণীর গেজেটেড পদে উন্নীত।
- জাতীয় শিক্ষা নীতি প্রণয়ন।
- উচ্চ মাধ্যমিক পর্যন্ত মেয়েদের বেতন মওকুফ। স্নাতক পর্যায়ে মেয়েদের অবৈতনিক শিক্ষার ব্যবস্থা।
- এইচএসসি পর্যন্ত সব প্রতিযোগিতামূলক পরীক্ষার ফলাফল ৬০ দিনের মধ্যে প্রকাশ।
- মাদ্রাসা শিক্ষাকে যুগোপযোগী করার জন্য ১০০টি মাদ্রাসায় ভোকেশনাল শিক্ষা কোর্স চালু।

৩১টি সিনিয়র মাদ্রাসায় ৪টি বিষয়ে অনার্স কোর্স চালু। ৩৫টি মাদ্রাসায় বিজ্ঞান ও কম্পিউটার ল্যাব স্থাপন। ১ হাজার ভবন নির্মাণাধীন।

- কওমী মাদ্রাসার আলেমদের নিয়ে বাংলাদেশ কওমী মাদ্রাসা শিক্ষা কমিশন গঠন।
- ৭টি নতুন পাবলিক বিশ্ববিদ্যালয় এবং ৯টি বেসরকারী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা।